

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
অভ্যন্তরীণ সংগ্রহ শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.০০৫.২৩.২৭৬

তারিখ: ৬ পৌষ ১৪৩০

২১ ডিসেম্বর ২০২৩

বিষয়: চলতি আমন সংগ্রহ, ২০২৩-২০২৪ মৌসুমে চুক্তি সম্পাদনকারী চালকল মালিকদের চুক্তির চাল নির্ধারিত সময়সীমার মধ্যে গুদামে সরবরাহ নিশ্চিতকরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, চলতি অভ্যন্তরীণ আমন সংগ্রহ, ২০২৩-২০২৪ মৌসুমে চাল সংগ্রহ কার্যক্রম গত ২৩.১১.২০২৩ খ্রি. তারিখ থেকে শুরু হয়েছে যা আগামী ২৮.০২.২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত চলবে। চলতি চাল সংগ্রহ মৌসুমে সিদ্ধ চালের লক্ষ্যমাত্রা ৫.৫০ লাখ মে. টন এবং আতপ চালের লক্ষ্যমাত্রা ১.৫০ লাখ মে. টন নির্ধারিত রয়েছে।

চলতি আমন সংগ্রহ, ২০২৩-২০২৪ মৌসুমে চালকল মালিকদের সাথে চুক্তি সম্পাদনের সর্বশেষ তারিখ ছিল ০৭.১২.২০২৩ খ্রি.। চুক্তির নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তিকৃত সিদ্ধ চালের পরিমাণ ৩,৯৪,৯৮৯ মে.টন যা মোট হাঁটাই ক্ষমতার মাত্র ২২.০৯ শতাংশ। গত ২০.১২.২০২৩ তারিখ পর্যন্ত সারাদেশে সর্বমোট ১,৮১,২৩১ মে.টন সিদ্ধ চাল ও ৩৫১৩ মে.টন আতপ চাল সংগৃহীত হয়েছে। সরবরাহকৃত সিদ্ধ চালের পরিমাণ চুক্তি পরিমাণের ৪০ শতাংশেরও কম। অথচ পাক্ষিক হাঁটাইক্ষমতা অনুযায়ী চুক্তিকৃত চাল ১০দিনের মধ্যে গুদামে সরবরাহ করা সম্ভব ছিল।

এমতাবস্থায়, অত্যাৱশ্যকীয় খাদ্যশস্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ আদেশ, ২০২২ এর ৭ নং অনুচ্ছেদের শর্ত মোতাবেক এবং সংগ্রহের অন্যান্য নির্দেশনা অনুযায়ী দ্রুততম সময়ে সরকারি খাদ্যগুদামে চাল সরবরাহ করার বিষয়ে সংশ্লিষ্ট চুক্তিবদ্ধ মিলারদেরকে ব্যাখ্যা তলব ও মিল পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে অনুরোধ করা হলো। দ্রুততম সময়ে চাল সরবরাহ না করে বিনা কারণে কালক্ষেপণ করে পরবর্তীতে চালের বাজারদর বৃদ্ধি পেয়ে সংগ্রহ সফল করার ক্ষেত্রে কোন জটিলতা দেখা দিলে সংশ্লিষ্ট মিলার ও মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের উপর তার দায় বর্তাবে এবং চুক্তিবদ্ধ মিলারের বিরুদ্ধে চুক্তির শর্ত, সংগ্রহ বিষয়ক বিভিন্ন নির্দেশনা এবং অত্যাৱশ্যকীয় খাদ্যশস্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ আদেশ, ২০২২ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

২২-১২-২০২৩

মোঃ জহিরুল ইসলাম

অতিরিক্ত পরিচালক (চলতি দায়িত্ব)

ফোন: +৮৮-০২-৪১০৫০১৭৮

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭

ইমেইল: dproc@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.০০৫.২৩.২৭৬/১(১২)

তারিখ: ৬ পৌষ ১৪৩০
২১ ডিসেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ২) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৩) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় খাদ্যমন্ত্রীর সদয় অবগতির জন্য
- ৪) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য
- ৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো
- ৬) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য



২২-১২-২০২৩

মোঃ জাহিরুল ইসলাম

অতিরিক্ত পরিচালক (চলতি দায়িত্ব)